সালাত আদায়কারীর সামনে সুতরাহর বিধান [হানবালি ফিকহ]

মূল লেখাঃ https://bit.ly/2N61CWu

বোঝার সুবিধার্থে টাইটেল, সাব-টাইটেল যোগ করা হয়েছে এবং পুরা আক্ষরিক অনুবাদ করা হয়নি। মূলত লেখাটা স্ট্যাটাসের অনুবাদ, যেখানে বিভিন্ন নির্ভরযোগ্য হানবালি বই- **আল রাওদ আল মুরবি, শারহ আল মুনতাহা, আল কাশশাফ, আল ইনসাফ** অনুসারে লেখা হয়েছে আর প্রশ্ন-উত্তরগুলো কমেন্ট সেকশন থেকে নেওয়া হয়েছে।

সালাত আদায়কারীর সামনে দিয়ে সুতরাহর বিধান এবং যাদের ক্ষেত্রে এটা প্রযোজ্যঃ

=> সালাতের জন্যে সামনে কোনো সুতরাহ স্থাপন করা আমাদের মাজহাবে সুন্নাহ - সামনে দিয়ে কেউ হেঁটে যাবে সে ভয় থাকুক বা না থাকুক।

এটা ইমাম এবং যারা নিজেরা একাকী সালাত আদায় করছে, তাদের জন্যে প্রযোজ্য, শুধু যারা ইমামের সাথে [ইমামের পেছনে বা পাশে] সালাত আদায় করছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য না। ইমামের সুতরাহই তাদের জন্যে সুতরাহ। মাসআলাটির ভিত্তি আবু দাউদ বর্ণিত একটি হাদিস। [1]

সুতরাহর ধরণ যেমন হওয়া উচিতঃ

=> সুতরাহর উচ্চতা ১ বাহু [১৮-২১ সেমি বা ৪৪-৫১ ইঞ্চি প্রায়] হওয়া উত্তম। এর পুরুত্বের জন্যে কোন উত্তম-অনুত্তমের ব্যাপার নেই। যদি কারও লম্বা কোন সুতরাহ এবং কোন মোটা/চওড়া কোন সুতরাহর মধ্যে যেকোনো একটি বেছে নিতে হয়, তবে ইমাম আহমদ (র) এরুপ ক্ষেত্রে মোটা/চওড়াকে অপেক্ষাকৃত পছন্দ করেছেন।

সুতরাং সুতরাহ যেকোনো পুরু কিছুই হতে পারে, যেমন দেয়াল বা পিলার অথবা সামনে লম্বভাবে দাঁড়িয়ে থাকতে পারে- এমন কিছু। যদি [লম্বভাবে] দাঁড় করিয়ে রাখা সম্ভব না হয়, তাহলে সেটা মাটিতে শায়িত করে রাখায় সমস্যা নেই। যদি, উদাহরণস্বরূপ, কেউ খোলা ময়দানে থাকে এবং সুতরাহ হিসেবে ব্যবহার করার মত কিছু খুঁজে না পায়, তাহলে কেবল মাটিতে একটি দাগ কেটে নিলে সেটা সুতরাহ হিসেবে যথেষ্ট হবে।

প্রশ্নঃ ফোন কি সুতরাহ হিসেবে চলবে?

=> হ্যাঁ, ইনশা আল্লাহ্।

[1] From The Hanbali Madhhab- ‘When Abu Dawud (r) asked our Imam (r) how the line for Sutra should be drawn and whether it should be vertical, the Imam drew it horizontally with a curve like the crescent. Though it isn't an issue even if the line is fully straight as stated by Ibn Abi 'Umar (r).’

যদি আপনি মনে করেন যে মানুষের চোখে ফোন না পড়ার সম্ভাবনা আছে, তাহলে যেটা চোখে পড়ে/খেয়ালে আসে এমন কিছু স্থাপন করাই বুদ্ধিদিপ্ত কাজ। যদি আপনি একা থাকেন অথবা আপনার সামনে দিয়ে কেউ যাওয়ার সম্ভাবনা কম, তাহলে ফোন নিয়ে সমস্যা নেই।

আপনি এমনকি সুতাও ব্যবহার করতে পারেন, আমাদের বইগুলোতে এমন বলা হয়েছে। যদি আপনি সুতা খুঁজে না পান, তাহলে কেবল একটি লাইন বা রেখা আঁকতে পারেন।

প্রশ্নঃ [খোলা ময়দানের সালাত আদায়ের ক্ষেত্রে] সুতরাহ হিসেবে কিছু না পেলে সামনে দাগ দেবার ক্ষেত্রে সেই দাগ কেমন হওয়া উচিত? আমি কোথাও পড়েছি তা চাদের আকারের হওয়া ভাল।

=> হ্যাঁ, যখন ইমাম আবু দাউদ (র) আমাদের ইমাম [আহমদ]কে জিজ্ঞেস করেন কিভাবে সুতরাহর জন্যে দাগ কাটা হবে, এটা লম্বভাবে হওয়া উচিত কিনা- ইমাম [আহমদ] সমান্তরালভাবে চাদের আকারের একটা দাগ টানলেন। যদিও দাগ পুরা সোজা টানা হলেও সমস্যা নাই- যেমনটি ইবনে আবি উমর (র) বলেছেন।

সুতরাহ সামনে না রেখে সালাত আদায়কারীর সামনে দিয়ে যাবার বিধানঃ

=> কেউ যদি নিজের সামনে সুতরাহ না রাখে, তাহলে আপনি তার পা থেকে ৩ বাহু পরিমাণ দূরত্ব বজায় রেখে তার সামনে দিয়ে যেতে পারেন। এই মাপটি ইমাম আহমদ (র) ও ইমাম বুখারি (র) হতে একটি বর্ণনা থেকে প্রাপ্ত, যেখানে রাসুল (সা) তাঁর এবং দেয়ালের মাঝে তিন বাহু পরিমাণ জায়গা রেখে কাবার ভেতরে সালাত আদায় করেছেন।

৩ বাহুর মাপটি মাজহাবের মুতামাদ [নির্ভরযোগ্য/অফিসিয়াল] মত, এবং মাজহাবের অধিকাংশ আলিমের মত এটাই।

আল-মাজদ (র) বলেছেন, 'এটাই আমার দৃষ্টিতে অধিক শক্তিশালী মত'।

এছাড়াও ইবনে মুফলিহ (র), ইবনে হামদান (র), আলি বিন মুহাম্মাদ আল বালি (র) এবং ইবনে কাইদ আল-জাবাল এটাকে মাজহাবের মুতামাদ মত বলে নিশ্চিত করেছেন।

প্রশ্ন- কেউ যদি সুতরাহ তিন বাহু থেকে বেশি দূরে রাখে, তাহলে কি তার থেকে তিন বাহু জায়গা বজায় রেখে সুতরাহ এবং তাঁর মাঝ দিয়ে যাওয়া যাবে নাকি সুতরাহর সামনে দিয়েই যেতে হবে?

=> সুতরাহর সামনে দিয়েই যেতে হবে।

প্রশ্নঃ তিন বাহুর ভেতর দিয়ে যাবার বিধান কি? হারাম না মাকরুহ?

=> কোন গ্রহণযোগ্য কারণ ছাড়া একাজ করা হারাম, কারও সামনে সুতরাহ না থাকলেও, এব্যাপারে শারহ আল মুনতাহা এবং আল কাশশাফে স্পষ্টভাবে বলা আছে। [2]

যেসকল ক্ষেত্রে সালাতরত অবস্থায় সামনে দিয়ে কাউকে যেতে দেওয়া জায়েজঃ

=> অবস্থাগুলো হলঃ

- যদি আপনি আপনার সামনে দিয়ে কাউকে যেতে বাঁধা দিয়ে থাকেন, কিন্তু পারেননি।
- যদি ওই ব্যক্তি/বস্তুর পার হবার কোন 'প্রয়োজন' থাকে। ইবনে কাইদ (র) ব্যাখ্যা করেছেন- এখানে 'প্রয়োজন' বলতে বুঝানো হয়েছে 'রাস্তা সরু হবার কারণে সামনে দিয়ে পার হওয়া প্রয়োজন হওয়া।'
- যদি আপনি মক্কাতে থাকেন এবং সেখানে সালাত আদায় করছেন, আর কেউ যদি আপনার তিন বাহু সামনে দিয়ে পার হয়- এক্ষেত্রে আপনি তাকে পার হয়ে যেতে দিবেন, বাঁধা দিতে যাবেন না।

আল সাম্মুরি (র) বলেছেন, যদি কারও সামনে দিয়ে যাবার প্রয়োজন হয়, তাহলে সে কিছু একটা [সুতরাহ হিসেবে] নিয়ে সালাত-আদায়কারীর সামনে রেখে পার হয়ে যাবে।

তবে এক্ষেত্রে উল্লেখ করা জরুরি যে, সালাত আদায়কারীর সামনে দিয়ে পার হওয়া, আর তার সামনে দিয়ে পার হয়ে যাওয়া [পুরোপুরি ক্রস করা] এক জিনিস নয়। সালাত আদায়কারীর সামনে যাওয়া বা দাঁড়িয়ে থাকাতে নিষেধাজ্ঞা প্রযোজ্য না যদি না কেউ তার সামনে দিয়ে পুরোপুরি পার করে ফেলে। তাই, উদাহরণস্বরূপ, যদি কারও কোন বস্তু নেবার প্রয়োজন হয়, যেটা মুসল্লির সামনে আছে, তাহলে সে তাঁর সামনে গিয়ে বস্তুটি নিতে পারবে যদি সে পুরোপুরি তাকে পার (ক্রস) করে না ফেলে। আল বুহুতি (র) এব্যাপারে বলেছেন।

---

[2] আর সুতরাহ থাকলে সুতরাহর সামনে দিয়েই যেতে হবে, তিন বাহুর বেশি হলেও, আগের প্রশ্ন দ্রষ্টব্য।

প্রশ্নঃ বিড়াল সামনে দিয়ে হেঁটে যাবার ব্যাপারে বিধান কি?

=> জি, মানুষ এবং পশু-পাখি উভয়েই এই বিধানের অন্তর্ভুক্ত।

প্রশ্নঃ ফরয সালাতের আগে কেউ যদি নফল সালাত পড়ে, তাহলে কি তাঁর সুতরা ছাড়া সালাত আদায় করা উচিত যাতে ফরয সালাত শুরু হয়ে গেলে [আর তাঁর নফল সালাত তখনো শেষ না হলে] তাঁর সামনে খালি জায়গা পূরণের জন্যে কেউ গিয়ে দাঁড়াতে পারে?

=> ভাল প্রশ্ন। তবে এজন্যে সামনে দিয়ে পার হওয়া কিংবা ক্রস করার প্রয়োজন নেই, আপনি গিয়ে তাঁর সামনে দাঁড়িয়ে যেতে পারেন, এবং এটা ক্রসিং-এর অন্তর্ভুক্ত না, যেমনটি আগে বলা হয়েছে।

[দেখুনঃ আল রাওদ আল মুরবি, শারহ আল মুনতাহা, আল কাশশাফ, আল ইনসাফ]

বাড়তি পয়েন্টঃ যদি কালো রঙের কুকুর কারও এবং সুতরাহর মাঝ দিয়ে পার হয়, অথবা সুতরাহ না থাকলে তাঁর তিন বাহুর ভেতর দিয়ে পার হয়, তাহলে তাঁর সালাত বাতিল হয়ে যাবে। এটা শুধু কালো রঙের কুকুরের ক্ষেত্রেই প্রযোজ্য, নারী, খচ্চর, শাইতান বা অন্যকিছুর জন্যে না। [3]

Translated & Compiled by: F. Khan

[3] জাদুল মুস্তাকানি- *আল হাজ্জাওয়ী* অনুবাদ এবং নোটঃ মুসা ফারবার।